

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা ১২১৫  
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৫১.১৫- ৪৬৬

তারিখ: ২৪.১১.২০২৪ খ্রি.

বিষয়: ব্যাখ্যা তলব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইরেসপো প্রকল্প এবং কর্মসূচির সফলভোগীদের সঞ্চয়সহ বিভিন্ন উৎস হতে প্রাপ্ত অর্থ ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে সংরক্ষণের জন্য অত্র দপ্তর থেকে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হয়। অর্থ মন্ত্রণালয়ের নথি নং ৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮.৯৩, তারিখ ০২.০৪.২০১৮ খ্রি. মূলে মোট তহবিলের ৫০% পর্যন্ত অর্থ বেসরকারি ব্যাংক বা অর্থ বিভাগের আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানে বা উভয় ধরনের প্রতিষ্ঠানে আমানত রাখার অনুমোদন রয়েছে। কিন্তু কয়রা উপজেলায় আপনার কর্মকালীন স্থায়ী আমানতকৃত মোট ৭৬,১৯,১৭৭.০০ (ছিয়াত্তর লক্ষ উনিশ হাজার একশত সাতাত্তর) টাকার সকল অর্থ দুটি বেসরকারি ব্যাংকে (ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক এবং বাংলাদেশ কর্মসূচি ব্যাংক, কয়রা, খুলনা) রাখা হয়েছে। এতে করে প্রকল্প/কর্মসূচির তহবিল কুটির মধ্যে রয়েছে এবং অর্থ মন্ত্রণালয়ের আমানত রাখার বিষয়ে উল্লিখিত পত্রের নির্দেশনা লঙ্ঘিত হয়েছে।

এমতাবস্থায়, সরকারি নির্দেশনা মোতাবেক নির্ধারিত পরিমানের অধিক অর্থ বেসরকারি ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে রাখার কারণে কেন আপনার বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, সরকারি নির্দেশনা অমান্য এবং অদক্ষতার অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হবেনা তার সন্তোষ্টজনক জবাব আগামী ০৪.১২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।



এ.এস.এম সোলায়মান  
উপকর্মসূচি পরিচালক

প্রীতিশ সরদার  
হিসাব সহকারী (ইরেসপো)  
দাকোপ, খুলনা

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, সরেজমিন, বিআরডিবি, ঢাকা।
- ২। কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপ্রকল্প পরিচালক (অর্থ ও প্রশাসন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৪। উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা/খুলনা।
- ৫। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। অফিস নথি।